কন্যাশিশু জন্ম দেয়ায় চুয়াডাঙ্গার দুটি পরিবার পেল এসপির উপহার

কন্যাশিশু জন্ম দেয়ায় চুয়াডাঙ্গার দুটি পরিবারের কাছে ফুল, মিষ্টি ও উপহার সামগ্রী পৌঁছে দিলেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম। এর মাধ্যমে জেলা পুলিশের দেয়া ঘোষণার শুভ সূচনা করলেন তিনি। রবিবার (১০ জানুয়ারি) চুয়াডাঙ্গা পৌর এলাকার মালোপাড়া এবং আলমডাঙ্গার নতিডাঙ্গা গ্রামের দুটি পরিবারের কাছে উপহার সামগ্রী পৌঁছে দেয়া হয়।
পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, গত ১ জানুয়ারি পৌর এলাকার মালোপাড়ার মফিজুল হক ও সুলতানা দম্পতি এবং নতিডাঙ্গা গ্রামের আমিনুর রহমান ও শামীমা খাতুন দম্পতির পরিবারে একটি করে কন্যা সন্তানের জন্ম হয়। রবিবার জেলা পুলিশের কন্ট্রোলরুমে সে খবর জানানোর পর পুলিশ সুপারের উদ্যোগে স্ব-স্ব পরিবারের কাছে ফুল, মিষ্টি, ফল, পোশাকসহ উপহার সামগ্রী পৌঁছে দেয়া হয়।
পুলিশ সুপার আরো জানান, নারীর ক্ষমতায়ন, নারী ও শিশু নির্যতান প্রতিরোধ এবং লিঙ্গ বৈষম্য দূর করতে জেলা পুলিশের পক্ষ থেকে এ উদ্যোগ নেয়া হয়েছে।
প্রসঙ্গত, সম্প্রতি চুয়াডাঙ্গা জেলা পুলিশের ফেসবুক পেজের একটি পোস্ট ভাইরাল হয়। পোস্টে পুলিশ কন্ট্রোলরুমের একটি মোবাইলফোন নম্বর (০১৩২০-১৪৯০৯৮) দিয়ে বলা হয় ‘কন্যাসন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে।’

সাগান্নায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উৎযাপিত

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ১৯৭২ সালের এই দিনে বঙ্গবন্ধু

পাকিস্তানের বন্দিদশা থেকে মুক্তি পেয়ে রক্তস্নাত স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের মাটিতে পা রাখেন। পূর্ণতা পায় বাঙালির বিজয়।

মহান এই নেতার প্রত্যাবর্তনে স্বাধীনতাসংগ্রামের বিজয় পূর্ণতা পায়। বিশ্বজুড়ে জাতি পরিচিতি পায় বীর বাঙালি হিসেবে। স্বয়ং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর এই স্বদেশ প্রত্যাবর্তনকে ‘অন্ধকার হতে আলোর পথে যাত্রা’ হিসেবে আখ্যায়িত করেন।

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বিকাল ৪.০০ টায় ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোঃ মোজাম্মেল হোসেন এর সভাপতিত্বে সাগান্না ইউনিয়ন আওয়ামীলীগ কার্যালয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোঃ মোজাম্মেল হোসেন ও সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সহঃ সভাপতি, জহর মিয়া, সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুরফি, যুগ্ম সাধারণ সম্পাদক, গাজী আবদুল হালিম, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মোখলেসুর রহমান শিলু, সহ সাংগঠনিক সম্পাদক, আকবর হোসেন।

সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সাধারণ সম্পাদক, আমির হোসেন। সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম উজ্জ্বল সহ অন্যান্য নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন যুবলীগের আহবায়ক শেখ রুহুল আমিন, যুগ্ম-আহবায়ক মোঃ ফজলু করিম ইউনিয়ন যুবলীগ নেতা মোহাম্মদ আলী, জাহাঙ্গীর আলম সহ অন্যান্য নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা ও দর্শনায় পৃথক সড়ক

দূর্ঘটনায় ২ জন নিহত, আহত-১৩

চুয়াডাঙ্গায় পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় ২ জন নিহত হয়েছেন, একই ঘটনায় আহত হয়েছেন ১০ জন। দূর্ঘটনা গুলি ঘটে শনিবার রাত সাড়ে ৮ টার দিকে জেলার আন্তঃজেলা বাসটার্মিনালের সামনে ও দর্শনা মা ও শিশু হাসপাতালের সামনে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সুত্রে জানা যায়, শনিবার সন্ধ্যার একটু আগে চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়নের ভালাইপুর গ্রামের সিটি ইটভাটা থেকে কাজ শেষে ১০ জন ইটভাটা শ্রমিক তাদের নিজ নিজ বাড়ি সদর উপজেলার জালশুকা গ্রামে ফিরছিলেন।

পথিমধ্যে চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাসটার্মিনালের নিকটে পৌছলে পিছন দিক থেকে আসা দ্রুতগামী একটি ট্রাক তাদের বহনকারী আলমসাধুকে সজোরে ধাক্কা দিলে তারা সকলেই ঘটনাস্থলে রাস্তার উপরে ছিটকে পড়ে আহত হন। স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার জোহর আলীকে(৪২) মৃত ঘোষনা করেন, তিনি জালশুকা গ্রামের বাচাল আলীর ছেলে।

আহত অন্যরা হলেন, একই গ্রামের মৃত আফতাব আলীর ছেলে জব্বার আলী (৩৮), বাবুল আলীর ছেলে তৈয়ব আলী (৪০), নাসিরের মেয়ে সাবিনা ইয়াসমিন (১৪), আ.মজিদের ছেলে বাবলু (৩২), মৃত আইজদ্দিনের ছেলে আবুল কালাম আজাদ (৪৬),মৃত সুরত আলীর ছেলে সোবহান আলী (৫০), তোফান আলীর ছেলে আজম (৩৫), পাশ্ববর্তী বোয়ালিয়া গ্রামের লোকমানের স্ত্রী রহিমা খাতুন (৪৬) এবং কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার লক্ষীপুর গ্রামের মোবারক হোসেনের ছেলে জয়নাল আবেদিন (৩৫)।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ ফকরুল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান,আহতদেরকে সু-চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। ঘাতক ট্রাকটি তাৎক্ষনিক ভাবে আটক করতে না পারলেও ড্রাইভার হেলপারের পরিচয় সনাক্ত করা গেছে।

পৃথক অপর দূর্ঘটনাটি ঘটে শনিবার রাত সাড়ে আটটার দিকে দর্শনা বাসষ্ট্যন্ডের অদূরে মা ও শিশু জেনারেল হাসপাতালের সামনে। এসময় জেলার দামুড়হুদা থেকে দর্শনা অভিমুখে আসা সিএনজি থ্রি-হুইলার রাস্তার উপরে ইঞ্জিন বিকল হয়ে দাড়িয়ে থাকা কেরু চিনিকলের আখ বোঝায় একটি ট্রাক্টরের সাথে পিছন থেকে ধাক্কা মেরে রাস্তার পাশে

উল্টে যায়।

এ সময় সেটি দুমড়ে-মুছড়ে গেলে সামনের আসনে বসে থাকা দর্শনা পরানপুরের মৃত মোবারক মন্ডলের ছেলে কেরু চিনিকলের আবসর প্রাপ্ত ট্রাক ড্রাইভার ও দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের বড়ভাই নজির হোসেন (৬৮) ঘটনাস্থলেই মারা যান।

এই ঘটনায় আহত হয়েছেন ৪ জন, এরা হলেন, নিহত নজির হোসেনের স্ত্রী জাহানার বেগম (৫৫), সিএনজি চালক দর্শনা বাসস্ট্যান্ডের মিজানুর রহমানের ছেলে সুজন (২০), দর্শনা থানার নাস্তিপুর গ্রামের এরশাদ আলীর স্ত্রী নাজিরা খাতুন (২৮) ও দর্শনা রামনগর গ্রামের চান মিয়ার স্ত্রী শাহানারা বেগম (৪২)।

ট্রাক্টর টির চালক ও হেলপার পালিয়ে গেছেন। দুটি ঘটনায় আহতদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়েছে।দর্শনা থানারওসি মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গঠিত হচ্ছে কোভিড-১৯ ভ্যাকসিন টাস্ক ফোর্স

শিগগিরই আত্মপ্রকাশ করতে যাচ্ছে কোভিড-১৯ ভ্যাক্সিন টাস্ক ফোর্স। যার মাধ্যমে পর্যায়ক্রমে ৮০ শতাংশ মানুষকে দেয়া হবে করোনার টিকা। উপজেলা থেকে জাতীয় পর্যায়ে মোট পাঁচটি কমিটির সমন্বয়ে গঠিত হবে এই টাস্ক ফোর্স। কোভিড-১৯ এর টিকা প্রয়োগে কোভ্যাক্স ও নন কোভ্যাক্স টিকার ক্ষেত্রেও তৈরি হয়েছে ভিন্ন ভিন্ন নীতিমালা।

বাংলাদেশে কোভিড-১৯ এর টিকা সংরক্ষণ, বিতরণ, প্রয়োগ ও সমন্বয় করতে স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশকৃত নীতিমালা এখন মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায়।

যেখানে বলা হয়েছে সারা দেশে টিকা ব্যবস্থাপনাকে নিয়ে আসা হবে ৫টি মূল কমিটির অধীনে। টাস্কফোর্সের মূল টিকা ব্যবস্থাপনার

কার্যক্রমে নেতৃত্ব দিবে স্বাস্থ্য মন্ত্রণালয়ের টিকা ব্যবস্থাপনার কার্যকরী কমিটি। টিকা ব্যবস্থাপনা, প্রস্তুত ও প্রয়োগে থাকবে স্বাস্থ্য অধিদপ্তরের একটি মূল কমিটি। বিভাগীয় পর্যায়ে কাজ করবে বিভাগীয় সমন্বয় কমিটি, এভাবে পর্যায়ক্রমে জেলা সমন্বয় ও উপজেলা সমন্বয় কমিটি কাজ করবে। এছাড়াও স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে থাকবে মাঠ পর্যায়ের আরও একটি বিশেষ সেল ও একটি সমন্বয় কমিটি।

আজ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস

আজ ১০ জানুয়ারি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। পাকিস্তানের বন্দীদশা থেকে মুক্তি পেয়ে ১৯৭২ সালের এই দিন বেলা ১টা ৪১ মিনিটে তিনি সদ্য স্বাধীন বাংলাদেশের মাটিতে প্রত্যাবর্তন করেন। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী প্রদান করেছেন।

বঙ্গবন্ধু পাকিস্তান থেকে লন্ডন যান। এরপর দিল্লি হয়ে ঢাকা ফেরেন। এর আগে ৮ জানুয়ারি পাকিস্তানের মিয়ানওয়ালি কারাগারে দীর্ঘ ৯ মাস কারাভোগের পর মুক্তিলাভ করেন তিনি।

দিবসটি পালন উপলক্ষে আওয়ামী লীগ ও দলের সহযোগী সংগঠনসহ বিভিন্ন দল ও সংগঠন ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে দলের কেন্দ্রীয় কার্যালয়, বঙ্গবন্ধু ভবন ও সারা দেশে দলীয় কার্যালয়ে দলীয় ও জাতীয় পতাকা উত্তোলন, জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি নিবেদন এবং আলোচনা সভা।

১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করে বঙ্গবন্ধু সর্বস্তরের জনগণকে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানান। স্বাধীনতা ঘোষণার অব্যবহিত পর পাকিস্তানের সামরিক শাসক জেনারেল ইয়াহিয়া খানের নির্দেশে তাঁকে গ্রেফতার করে তদানীন্তন পশ্চিম পাকিস্তানের কারাগারে নিয়ে আটক রাখা হয়। ১৯৭১

সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি সৈন্যদের বিরুদ্ধে নয় মাস যুদ্ধের পর চূড়ান্ত বিজয় অর্জিত হলেও ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে জাতি বিজয়ের পূর্ণ স্বাদ গ্রহণ করে।

নানা কর্মসূচি:
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আওয়ামী লীগ, সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সংগঠন, বিভিন্ন সামাজিক এবং পেশাজীবী সংগঠন নানা কর্মসূচি হাতে নিয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে, জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ, আলোচনা সভা, শীতবস্ত্র বিতরণ, খাবার বিতরণসহ নানা কর্মসূচি।

কিশোরীর বয়স বেশি দেখানোর অভিযোগ পুলিশের বিরুদ্ধে

রাজধানীর কলাবাগানে মাস্টারমাইন্ড স্কুলের ‘ও’ লেভেলের ছাত্রী আনুশকা নুর আমিনকে ধর্ষণ ও হত্যার ঘটনায় নিহত স্কুলছাত্রীর বয়স পুলিশ বেশি দেখাতে চেয়েছিল বলে অভিযোগ করেছেন তার মা। গতকাল শনিবার (৯ জানুয়ারি) কুষ্টিয়ায় পারিবারিক কবরস্থানে মেয়েটিকে দাফনের পর মেয়েটির মা সাংবাদিকদের কাছে এই অভিযোগ করেন।

মেয়েটিকে ধর্ষণ ও হত্যা করা হয়েছে অভিযোগ করে তার বিচারের দাবিতে সেখানে মানববন্ধনও করেন স্থানীয়রা। ঢাকার একটি ইংরেজি মাধ্যমের স্কুলে ও লেভেলে পড়ুয়া মেয়েটির পরিবার ইতোমধ্যে কলাবাগান থানায় মামলা করেছে।

মেয়েটির মা জানান, গত বৃহস্পতিবার দুপুর ১২টায় তার মেয়ে কোচিং থেকে অ্যাসাইনমেন্ট পেপার আনার জন্য বাসা থেকে বেরিয়ে গিয়েছিল। দুপুর দেড়টার দিকে দিহান তাকে ফোন করে জানিয়েছিলেন যে তার মেয়ে অসুস্থ অবস্থায় আনোয়ার খান মডার্ন হাসপাতালে রয়েছে।

তিনি বলেন, আমি সেখানে গিয়ে কর্তব্যরত চিকিৎসকদের সাথে কথা বলে জানতে পারি, মেয়েকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছে।

মেয়েটির মা বলেন, হাসপাতালে নেওয়ার পর দিহান তার মেয়ের বয়স ‘১৯ বছর’ উল্লেখ করেছিল। পুলিশ সেটাই ধরেছিল।

মেয়েটির মা বলেন, এ সময় সুরতহাল রিপোর্টে উল্লেখ করা বয়স নিয়ে আমরা আপত্তি তুললে পুলিশ ক্ষুব্ধ হয়ে ময়নাতদন্ত ছাড়াই মর্গে লাশ ফেলে রাখে। মেয়ের বয়সের প্রমাণপত্র দেখালেও পুলিশ তা আমল নিচ্ছিল না বলে অভিযোগ করেন তিনি।

তিনি বলেন, পরদিন শুক্রবার বয়স প্রমাণের জন্য লাশ নিয়ে বিভিন্ন জায়গায় পরীক্ষা করা চেষ্টা করেও ব্যর্থ হয় পুলিশ। আমি আমার পরিচিতি বিভিন্ন শুভাকাক্সক্ষীর সাহায্যে হাসপাতালের ফরেনসিক বিভাগে যোগাযোগ করে অনুরোধ জানাই। এরপর বিকেল সাড়ে ৫টায় ময়নাতদন্ত শেষ করে আমাদের কাছে লাশ হস্তান্তর করে।

তিনি জানান, তার মেয়ের জন্মের পর ইস্যুকৃত টিকা কার্ড, স্কুল কার্ড এবং সর্বশেষ পাসপোর্টে তার মেয়ের জন্ম তারিখ ২০০৩ সালের ৯ অক্টোবর লেখা আছে। সে হিসেবে মৃত্যুর সময় বয়স হয় ১৭ বছর ৩ মাস। তিনি প্রশ্ন তোলেন, পুলিশ সুরতহাল রিপোর্টে ১৯ বছর বয়স কোথায় পেলেন?

মেয়েটির চাচা শহিদুল ইসলাম বলেন, স্কুল সার্টিফিকেট এবং পাসপোর্টে সুনির্দিষ্ট বয়স উল্লেখ থাকলেও পুলিশ মৃতদেহের সুরতহাল রিপোর্টে মেয়েটির বয়স দুই বছর বেশি দেখানোসহ নানা গড়িমসি করে ২৪ ঘণ্টা অতিবাহিত হওয়ার পর ময়নাতদন্ত করেছে।

এদিকে মেয়েটিকে হাসপাতালে নেওয়ার পর দিহানের সঙ্গে থাকা তিন বন্ধুকে পুলিশ আটকের পর সম্পৃক্ততা পাওয়া না পাওয়ায় শুক্রবার রাতে তাদের ছেড়ে দিয়েছে।

এ নিয়ে ক্ষোভ প্রকাশ করে মেয়েটির বাবা কুষ্টিয়ায় সাংবাদিকদের বলেন, প্রথমে আমি দিহানসহ আরো তিনজনের নামোল্লেখসহ এজাহার দিলে পুলিশ তাদের আটক করে। কিন্তু ঘন্টাখানেক পর কলাবাগান থানা-পুলিশ আমার দেওয়া এজাহার পরিবর্তন করে শুধু দিহানকে আসামি করে মামলা রেকর্ড করে।

তিনি বলেন, সে সময় পুলিশ আমাকে বলে, যেহেতু দিহানের বাসা থেকে ঘটনাটি ঘটেছে, সেই কারণে শুধু দিহানকে আসামি করে মামলা করলে ঠিক বিচার হবে। কিন্তু চিকিৎসকদের সাথে কথা বলে যতটুকু জানতে পেরেছি, মেয়ের ওপর যে নৃশংস ঘটনা ঘটেছে, তাতে এই ঘটনার সাথে কোনোভাবেই

একজন জড়িত নয় বলে আমার দৃঢ় বিশ্বাস।

দিহানকে ‘ঠিকভাবে’ জিজ্ঞাসাবাদ করলেই জড়িত অন্যদের তথ্য বেরিয়ে আসবে বলে বলে মনে করেন তিনি।

মামলার অভিযোগ থেকে জানা যায়, গত ৭ জানুয়ারি সকাল আনুমানিক সাড়ে ৮টার দিকে ভুক্তভোগী শিক্ষার্থীরা মা কর্মস্থলের উদ্দেশ্যে বাসা থেকে বের হয়ে যান। এর এক ঘন্টা পরে তার বাবাও ব্যবসায়িক কাজে বাসা থেকে বের হন। দুপুর পৌনে ১২টার দিকে ওই শিক্ষার্থী তার মাকে ফোন করে কোচিং থেকে পড়ালেখার পেপার্স আনার কথা বলে বাসা থেকে বের হয়েছিলেন।

মামলার একমাত্র আসামি ‘ও’ লেভেল পড়ুয়া শিক্ষার্থী দুপুর আনুমানিক ১টা ১৮ মিনিটে ফোন করে ওই শিক্ষার্থীর মাকে জানান, মেয়েটি তার বাসায় গিয়েছিলেন। হঠাৎ অচেতন হয়ে পড়ায় তাকে আনোয়ার খান মডার্ন হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হয়েছে।

অফিস থেকে বের হয়ে আনুমানিক দুপুর ১টা ৫২ মিনিটে ভুক্তভোগী শিক্ষার্থীর মা হাসপাতালে পৌঁছেন। হাসপাতালের কর্মচারীদের মাধ্যমে তিনি জানতে পারেন, আসামি তার কলাবাগান ডলফিন গলির বাসায় ডেকে নিয়ে মেয়েটিকে ধর্ষণ করে। প্রচুর রক্তক্ষরণের কারণে অচেতন হয়ে পড়লে বিষয়টি ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য আসামি নিজেই তাকে আনোয়ার খান মডার্ন হাসপাতালে নিয়ে যান।

ওই দিন গভীর রাতে স্কুলছাত্রীর বাবা বাদী হয়ে কলাবাগান থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। মামলায় স্কুলছাত্রীকে ধর্ষণের পর হত্যার অভিযোগ আনা হয় ফারদিনের বিরুদ্ধে। কলাবাগান থানায় জিজ্ঞাসাবাদে ফারদিন একাই মেয়েটিকে ধর্ষণের কথা স্বীকার করেন। পরে গতকাল তিনি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন।

কৃষিপণ্য পরিবহণে রেলে সংযোজন

করা হবে অত্যাধুনিক লাগেজ ভ্যান

অল্প খরচে কৃষিজাত পণ্য পরিবহণে বাংলাদেশ রেলওয়েতে এবার সংযোজন করা হবে অত্যাধুনিক ১২৫টি লাগেজ ভ্যান। এরমধ্যে ৭৫টি মিটারগেজ ও ৫০টি ব্রডগেজ লাগেজ ভ্যান।

এ উপলক্ষে গতকাল শনিবার বিকাল ৫টায় চুয়াডাঙ্গা জীবননগর উপজেলার উথলী রেলওয়ে স্টেশন সংলগ্ন মাঠে অংশীজন সভায় এ তথ্য জানান বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোহাম্মদ শামছুজ্জামান। তিনি বলেন, বর্তমানে বাংলাদেশ রেলওয়েতে ৪১টি মিটারগেজ ও ১০টি ব্রডগেজ লাগেজ ভ্যান রয়েছে। এর বেশির ভাগই তাদের অর্থনৈতিক আয়ুষ্কাল পেরিয়ে গেছে। তাই এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক অপারেশন উন্নয়ন প্রকল্পের আওতায় নতুন করে অত্যাধুনিক ৭৫টি মিটারগেজ ও ৫০টি ব্রডগেজ লাগেজ ভ্যান সংযোজনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।

সে অনুযায়ী গত বছরের ৩১ আগষ্ট, বাংলাদেশ রেলওয়ে ও গণচীনের যৌথ কোম্পানি CNTIC-RAILTECO-JINXI এরমধ্যে ওই লাগেজ ভ্যান সংগ্রহের দুটি চুক্তি স্বাক্ষরিত হয়। আগামী ২০২২ সালের জুলাই থেকে এ সকল লাগেজ ভ্যান বাংলাদেশে পৌঁছানো শুরু হবে। তিনি আরও জানান, ৭৫ টি মিটারগেজ লাগেজ ভ্যানের মধ্যে ৩০ টি ও ৫০টি ব্রডগেজ লাগেজ ভ্যানের মধ্যে ৩০টি জেনারেল লাগেজ ভ্যানে সবুজ শাক সবজিসহ মৌসুমি ফল ও ফুল পরিবহণের জন্য ব্যবহার করা হবে।

এছাড়া ৭৫ টি মিটারগেজ লাগেজ ভ্যানের মধ্যে ১৬ টি ও ৫০টি ব্রডগেজ লাগেজ ভ্যানের মধ্যে ১২টি রেফ্রিজারেটেড লাগেজ ভ্যানে পচনশীল দ্রব্য (মাছ, মাংস, দুধ) পরিবহণের জন্য ব্যবহার করা হবে। এতে কৃষকরা অল্প খরচে তাদের কৃষিপণ্য ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে পরিবহণ করতে পারবে। বাংলাদেশ রেলওয়ে পাকশী বিভাগ আয়োজিত ওই অংশীজন সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর। তিনি বলেন, চুয়াডাঙ্গার জীবননগর অঞ্চলে অনেক শাক সবজি ও ফলমূল উৎপাদন হয়।

কৃষকরা খুব অল্প খরচে কম সময়ে তাদের উৎপাদিত পণ্য ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে পরিবহণ করতে পারবেন। এখন যমুনা সেতু হয়ে এসব কৃষি

পণ্য পরিবহণ করা হচ্ছে। কিন্তু পদ্মা সেতু পুরোপুরি চালু হলে এ অঞ্চলের কৃষি পণ্য ওই সেতু দিয়েই খুব কম সময়ে রাজধানীতে পৌঁছানো সম্ভব হবে।

বাংলাদেশ রেলওয়ে রাজশাহী পশ্চিমাঞ্চলের মহাব্যবস্থাপক মিহির কান্তি গুহের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোহাম্মদ শামছুজ্জামান। সভায় অন্যান্যের মধ্যে জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মো. আব্দুল লতিফ অমল, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, বাংলাদেশ পশ্চিমাঞ্চল রেলওয়ের নিরাপত্তা বাহিনীর চীফ কমান্ডেন্ট আশরাফুল হকসহ রেলওয়ের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, খুলনা-দর্শনা রেলপথ সিঙ্গেল লাইন থেকে ডাবল লাইনে উন্নীতকরণ, আন্তঃনগর ট্রেনের স্টপেজসহ ৬ দফা দাবি রেলওয়ে মহাপরিচালকের কাছে পেশ করে উথলী বাজার কমিটি।

আগামী ১০ বছরের মধ্যে ভারতের থেকে রেল ব্যবস্থায় উন্নত হবে বাংলাদেশ- মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে

আগামী ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের রেলওয়ে ব্যবস্থা ভারতের থেকে উন্নত হবে। যেভাবে রেলে বিনিয়োগ চলছে এই ধারা অব্যাহত থাকলে আগামী ১০ বছরের মধ্যে উন্নত রেল ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হবে বলে আশা ব্যক্ত করেছেন বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোঃ শামছুজ্জামান।

শনিবার দুপুরে কালীগঞ্জের বারোবাজার রেলস্টেশনে কৃষিপণ্য পরিবহণের জন্য লাগেজ ভ্যান সংযুক্ত বিষয়ক অংশীজন সভা শেষে

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, বাংলাদেশের রেলওয়ের কারিগরি মান ইউরোপসহ আন্তর্জাতিক মানের সমতুল্য। দেশের রেওলয়ের আধুনিকায়নে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এভাবে চললে আমাদের দেশের রেল ব্যবস্থা উন্নত হতে বেশি সময় লাগবে না।

এর আগে অংশীজন সভায় ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের মহাব্যবস্থাপক মিহিরকান্তি গুহ, রেলওয়ের রাজশাহী আরএনবি’র চীফ কমাডেন্ট আশাবুল ইসলাম, পশ্চিমাঞ্চলের প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী মুহাম্মদ শফিকুর রহমান, চীফ কমার্শিয়াল ম্যানেজার মোহাম্মদ আহছান উল্যা ভূঞাঁ, প্রধান যন্ত্র প্রকৌশলী মোহাম্মদ কুদরত-ই খুদা, প্রধান প্রকৌশলী আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান, চীফ অপারেটিং সুপারিনটেনডেন্ট শহিদুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

গাংনীর যুগিরগোফা গ্রামে এক মাসে ৫০ লাখ টাকার মাছ নিধন করল দুর্বৃত্তরা

সংসারের স্বচ্ছলতা ফিরিয়ে আনতে নিজস্ব দেড় বিঘা জমিতে পুকুর কেটে মাছ চাষ শুরু করেছিল গাংনীর যুগিরগোফা গ্রামের যুবক আসাদুজ্জামান। প্রায় ৫০ হাজার টাকার মাছ ছেড়েছিলেন তিনি। মাছগুলো বেশ বড় হয়েছিল। হঠাত করেই দেখেন পুকুরের মাছ মারা যাচ্ছে। প্রথম পর্যায়ে ভেবেছিলেন আবহাওয়ার কারণে মাছ মরে যাচ্ছে।

পরে পুকুরের পানি পরীক্ষা করে দেখা গেছে, পানিতে বিষ প্রয়োগের ফলে পুকুরের সব মাছ মারাগেছে। এতে অন্তত ৫ লাখ টাকার ক্ষতি সাধিত হয়। ঘটনাটি গেল ডিসেম্বরের ২৫ তারিখের। নিরাশ না হয়ে পুকুরের পানি সেচে নতুন ভাবে আবারো মাছ চাষ শুরু করেছেন তিনি। শুধু আসাদুজ্জামান নয় গেল এক মাসে গ্রামের ছয়জন মাছ চাষির পুকুরে গোপনে বিষ প্রয়োগে মাছ নিধন করা হয়েছে।

যুগির গোফা গ্রামের আব্দুল লতিফ জানান, গেল ডিসেম্বরের ১৭ তারিখে সকালে তিনি দেখতে পান পুকুরের মাছ মরে ভেসে উঠেছে। প্রথমে এটি পানির অক্সিজেন কমে যাওয়ার বিষয়টি মনে করলেও পরে দেখতে পান পাঁচ দিনের ব্যবধানে পুকুরের সব মাছ মরে গেছে। এতে ক্ষতি হয়েছে অন্ততঃ ৮ লাখ টাকার।

একইভাবে গ্রামের ঠান্ডু মিয়ার ২০ লাখ টাকার, আনিছ ও ইদ্রিসের ৮ লাখ খলিল মেম্বরের ১০ লাখ ও দুলু মিয়ার ৫ লাখ টাকার মাছ বিষ প্রয়োগে মেরে ফেলা হয়েছে। পুকুরে পাহারা বসানোর পরও অতি গোপনে এ কাজটি করেছে দুর্বৃত্তরা। গ্রামের মাছ চাষিরা দিশেহারা হয়ে পড়েছে।

মাছ চাষিরা জানান, এমনিতেই মাছের পোনা ও খাদ্যের দাম বেশি। অথচ মাছের দাম পাওয়া যাচ্ছে না। তার পরও মাছ বিক্রি করে কোন রকমে পুুঁজ বাচানো সম্ভব হতো। অথচ দৃর্বৃত্তরা কৌশলে মাছ চাষিদের ক্ষতি করে পথে বসাচ্ছে। চাষিরা আরো জানান, ইতোপূর্বে পুলিশ বাহিনীর সদস্যরা টহলে আসার কারণে চোর বা দৃর্বৃত্তরা এসব অপকর্ম করতে সাহস পেতো না। এখন টহল না থাকায় তারা সুযোগ পাচ্ছে।

গাংনী উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা হোসেন আহমেদ স্বপন জানান, মাছ চাষ বেশ লাভজনক হওয়ায় গাংনীর যুগিরগোফা গ্রামের যুবক ও প্রবাস ফেরতরা মাছ চাষ শুরু করেন। বেশ লাভবানও হয়েছিলেন তারা। সম্প্রতি বিষ প্রয়োগে মাছ নিধনের পর অনেকেই পথে বসার উপক্রম। বিষয়টি নিয়ে মাছ চাষিদের সাথে বৈঠক করা হয়েছে। সম্মিলিতভাবে পুকুর পাহারার ব্যবস্থা করা হচ্ছে। সেই সাথে দৃর্বৃত্তদেরকে সনাক্ত করে আইনের আওতায় নেয়ারও প্রক্রিয়া চলমান।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, ইতোমধ্যে সংশ্লিষ্ট এলাকার পুলিশ ক্যাম্পকে বিষয়টি জানানো হয়েছে এবং টহল জোরদারের পরামর্শ দেয়া হয়েছে।

গাংনী পৌর নির্বাচনে বিদ্রোহী প্রার্থী আশরাফুলকে যুবলীগ থেকে অব্যহতি

মেহেরপুর গাংনী পৌরসভা নির্বাচনে মেয়র পদে দলীয় প্রার্থীর বিরুদ্ধে নির্বাচন করায় স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামকে দল থেকে অব্যহতি দিয়েছে জেলা যুবলীগ।

আজ শনিবার বিকেলে গাংনী বাস স্ট্যান্ডে এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় যুবলীগের সিদ্ধান্তে আশরাফুল ইসলামের অব্যহতির বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর জেলা যুবলীগ আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

আশরাফুল ইসলাম মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য ছিলেন।

শেখ হাসিনার উন্নয়ন কর্মকাণ্ড চলামান রাখতে গাংনী পৌরসভায় নৌকা প্রতীক বিজয়ী করতে আহবান জানান মাহফুজুর রহমান।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ও উপজেলা যুুবলীগ নেতৃবৃন্দ। এর আগে গাংনী শহরের বিভিন্ন স্থানে নৌকার পক্ষে গণসংযোগ করেন মাহফুজুর রহমান রিটনসহ যুবলীগ নেতৃবৃন্দ।

গাংনী পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী। বর্তমান মেয়র আশরাফুল ইসলাম দলীয় মনোনয়ন প্রত্যাশী ছিলেন।

তবে ২০১৫ সালের নির্বাচনে তিনি বিদ্রোহী প্রার্থী থাকায় স্থানীয় মনোনয়ন বোর্ড থেকে ছিটকে পড়েন তিনি। আগামি ১৬ জানুয়ারী গাংনী পৌরসভা নির্বাচনে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দীতা করছেন।